



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
১৩-৮৫ মতিবিল বনবিজ্ঞান কেন্দ্র, ঢাকা-১০০০।

আইন বিভাগ

লি.এ.বি.এক্স-৯৫৬৩০১১-৫

৯৫৬৩০১১-৫

ফোন : ৯৫৫০০০১

Web: www.krishibank.org.bd

E-mail: dgm@krishibank.org.bd



নং-প্রকা/আইন-১৯৭০/২০২১-২০২২/১০১(৪)

তারিখ : ১১/০৮/২০২১

✓ মহাব্যবস্থাপক

সকল বিভাগীয় কার্যালয়/এলপিও।

বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ২৮ তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকার ১৪/০৬/২০২১ ইং তারিখের ৪৩৫৫(৮) নং সভাস্থরীতি পত্রের মাধ্যমে পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ২৮ তম সভার ৬(খ) নং সিদ্ধান্ত প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ২৮ তম সভার ৬(খ) নং সিদ্ধান্তে মামলাসমূহ নিয়মিত মনিটরিং এর জন্য মামলার ওয়েব পোর্টালে সকল মামলার তথ্য হালনাগাদ করতে হবে এবং নতুন মামলা রুজু করার সাথে সাথেই তা ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। এছাড়াও শাখা পর্যায়ে সার্টিফিকেট মামলা সফলিষ্ট ঋণসমূহ আদায় হয়ে গেলে এতদসংক্রান্ত তথ্যাদি সফলিষ্ট জেলা প্রশাসককে অবহিত করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ২৮ তম সভার সিদ্ধান্ত মোতাবেক সকল মামলার হালনাগাদ তথ্য ওয়েব পোর্টালে আপলোড এবং সার্টিফিকেট মামলা সফলিষ্ট ঋণসমূহ আদায় হয়ে গেলে এতদসংক্রান্ত তথ্যাদি সফলিষ্ট জেলা প্রশাসক/সার্টিফিকেট আদালতকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত,

(মোহঃ গোলাম মাহবুব)

উপমহাব্যবস্থাপক

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :-

- ০১। উপ-মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা-কে মূল পত্রটি কৃষি ব্যাংকের ওয়েব পোর্টালে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৩। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক কার্যালয়/মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক কার্যালয়।
- ০৪। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক কার্যালয়/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)।
- ০৫। অফিস নথি।

ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ

বিষয় : পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ২৮ তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।


শিরোনামে বর্ণিত বিষয়ে গত ২৮-০৫-২০২১ তারিখে পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ২৮ তম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পরিচালনা পর্ষদের ৩ জন সদস্যসহ ব্যাংকের উর্ধ্বতন নির্বাহীগণ উপস্থিত ছিলেন। আপনার বিভাগ-সংশ্লিষ্ট বিষয়সমূহ বাস্তবায়নপূর্বক সর্বশেষ তথ্য (হার্ডকপি ও সফটকপি) আগামী ১৬-০৮-২০২১ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। ২৮-তম সভার কার্যবিবরণীর কপি অত্রসাথে প্রেরণ করা হলো।

উল্লেখ্য, পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির পরবর্তী সভার তারিখ যথাসময়ে আপনাদের অবহিত করা হবে।

ক্রমিক নং	বিভাগের নাম	সিদ্ধান্ত নম্বর (সংশোধিত)
১.	ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ	১, ২, ৩
২.	ঋণ আদায় বিভাগ	৫ ও ৬
৩.	আইসিটি অপারেশন বিভাগ	৭, ৮, ১০(ক).
৪.	আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ	১১
৫.	শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ	৯(২), ১০(খ), ১১
৬.	ক্রেডিট বিভাগ	৯(১), ১০(খ), ১১
৭.	আইন বিভাগ	৬ (ক) ও ৬ (খ).

০২। বিষয়টি জরুরী।

উপ-মহাব্যবস্থাপক,
ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ/ ঋণ আদায় বিভাগ/ আইসিটি
অপারেশন বিভাগ/ আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল
ব্যাংকিং বিভাগ/ শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ/ ক্রেডিট
বিভাগ/ আইন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।


(মোঃ আব্দুল হাকিম)
উপ-মহাব্যবস্থাপক

অভ্য পত্র নং- বিকেবি/প্রকা/আরএমডি-১৯/২০২০-২০২১/২৯৭

তারিখঃ ১০-০৮-২০২১

ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ

ক্র. নং	বিষয়	সিদ্ধান্ত
৫	শ্রেণীকৃত ঋণ আদায়ের জন্য শাখা, স্থানীয় মুখ্য কার্যালয়সহ সকল কর্পোরেট শাখা ও বিভাগীয় পর্যায়ে মনিটরিং ও ফলোআপ।	আগামী জুন/২০২১ এর মধ্যে ব্যাংকের শ্রেণীকৃত ঋণসহ সকল প্রকার ঋণ আদায়ের লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের নিমিত্ত গৃহীত পদক্ষেপসমূহ অব্যাহত রাখতে হবে এবং এতদসংক্রান্ত হালনাগাদ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। এছাড়াও শ্রেণীকৃত ঋণ হ্রাসকরণের লক্ষ্যে বিদ্যমান টাকফোর্স কমিটিকে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাদের সাথে দ্বিপক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে ঋণ আদায় কার্যক্রম Expedite করতে হবে যাতে শ্রেণীকৃত ঋণের হার উল্লেখযোগ্য পর্যায়ে হ্রাস পায়।
৬	ক) বাংলাদেশ কৃষি ব্যাংকের Top-20 খেলাপি ঋণগ্রহীতাদের বিরুদ্ধে দায়েরকৃত মামলার তথ্যাদি। খ) ব্যাংকের বিদ্যমান মামলাসমূহের পূর্ণাঙ্গ তথ্যসহ ভাটাবেইজ তৈরির অগ্রগতি। গ) মামলার বাহিরেও খেলাপি ঋণগ্রহীতাদের নিকট হতে শ্রেণীকৃত ঋণ আদায়ের জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক গৃহীত কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি। ঘ) বিভাগীয় Top-20 এবং আঞ্চলিক Top-20 ঋণগ্রহীতাদের নিকট হতে ঋণ আদায়ের হালনাগাদ তথ্যাদি।	ক) বাংলাদেশ কৃষি ব্যাংকের শীর্ষ-২০ খেলাপি ঋণগ্রহীতাদের নিকট হতে ঋণ আদায় Expedite এবং মামলার কার্যক্রম দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে উপব্যবস্থাপনা পরিচালক এর নেতৃত্বে ব্যাংকের উর্ধ্বতন নির্বাহীদের সমন্বয়ে একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠন করতে হবে এবং উক্ত কমিটির গৃহীত কার্যক্রম ও এর বাস্তবায়ন তিন মাস অন্তর বিবেচনা, ঝুঁকি ব্যবস্থাপনা কমিটিকে অবহিত করতে হবে। এছাড়াও আলোচ্য কমিটিকে কাওরান বাজার ও বনানী কর্পোরেট শাখার বিদ্যমান Monitoring Cell এর সাথে সমন্বয়ের মাধ্যমে সংশ্লিষ্ট শাখার খেলাপি ঋণগ্রহীতাদের সাথে দ্বিপক্ষীয় সভা আয়োজন করতে হবে, যাতে সংশ্লিষ্ট শাখার খেলাপি ঋণ আদায়ের ক্ষেত্রে দৃশ্যমান অগ্রগতি পরিলক্ষিত হয়। খ) মামলার ওয়েব পোর্টালে সকল মামলার তথ্য হালনাগাদ করতে হবে এবং নতুন মামলা রুজু করার সাথে সাথেই তা ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। ব্যাংকের শাখা কর্তৃক দায়েরকৃত সার্টিফিকেট মামলাসমূহের তথ্য ডিজিটাইজেশনের লক্ষ্যে আইসিটি অপারেশন বিভাগ কর্তৃক আগামী তিন মাস (৩১, আগস্ট ২০২১) এর মধ্যে একটি সফটওয়্যার ডেভেলপ করতে হবে এবং উক্ত সফটওয়্যারে ইনপুটকৃত মামলার তথ্যের অগ্রগতি পরবর্তী ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করতে হবে। এছাড়াও, শাখা পর্যায়ে সার্টিফিকেট মামলা সংশ্লিষ্ট ঋণসমূহ আদায় হয়ে গেলে এতদসংক্রান্ত তথ্যাদি সংশ্লিষ্ট জেলা প্রশাসককে অবহিত করতে হবে। গ) মামলার বাহিরেও খেলাপি ঋণগ্রহীতাদের নিকট হতে শ্রেণীকৃত ঋণ আদায়ের নিমিত্ত ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক খেলাপি ঋণগ্রহীতাদের সাথে দ্বিপক্ষীয় আলোচনা অব্যাহত রাখতে হবে। ঘ) বিভাগীয় Top-20 এবং আঞ্চলিক Top-20 ঋণ আদায়ের জন্য বিভাগীয় মহাব্যবস্থাপক এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণের নিবিড় তদারকি অব্যাহত রাখতে হবে ও প্রধান কার্যালয়ের ঋণ আদায় বিভাগ কর্তৃক বিষয়টি নিয়মিত মনিটরিং করতে হবে। এতদসংক্রান্ত সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।